বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর : ১৬.০৬.০০০০.০০০.০০.০১০.২১. তারিখ : ৩০ মে ২০২১খ্রি:

## সভার বিজ্ঞপ্তি

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২০-২০২১ এর আব্যশিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কর্মসম্পাদন কার্যক্রম [১.২] এর সূচক [১.১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা ও শুভ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ ধর্ম ও বিশ্বশান্তি শীর্ষক আলোচনা সভার অনুষ্ঠান আগামী ৩১ মে, ২০২১খ্রি: তারিখ সোমবার বিকাল ৩:৩০ঘটিকায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের মাননীয় ভাইস চেয়ারম্যান মি: সুপ্ত ভূষণ বড়ুয়া মহোদয়ের সভাপতিত্বে জুম মিটিং এ্যাপস-অন লাইনে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের মাননীয় চেয়ারম্যান জনাব মো: ফরিদুল হক খান এম.পি মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

২। সভায় যথাসময়ে জুমে অনলাইনে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

Meeting ID: 212 711 8289

Passcode: brwt2021

৩০/৫/২০২১

(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

নম্বর : ১৬.০৬.০০০০.০০০.০০.০১০.২১. তারিখ : ৩০ মে, ২০২১খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১. মি: শ্যামল মিত্র বড়ুয়া, উপ-পরিচালক, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
২. মি: যুগল তনচংগ্যা, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৩. মি: সুখময় চাকমা, আইটি সহকারী, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৪. অফিস নথি

(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।

ঠিকানা: ধর্মরাজিক বৌদ্ধ বিহার কমপ্লেক্স, অতিশ দীপঙ্কর সড়ক, সবুজবাগ, বাসাবো, ঢাকা-১২১৪
ফোন : ৮৮-০২-৭২৭২৬৪৭, ৭২৭৭৫৬০, ই-মেইল : brwt2010@gmail.com, ওয়েব : **www.brwt.gov.bd**

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বিষয় : শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের অংশগ্রহণে মতবিনিময় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মি: সুপ্ত ভূষণ বড়ুয়া, ভাইস চেয়ারম্যান, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট |
| স্থান | জুম মিটিং এ্যাপস-অনলাইন |
| তারিখ ও সময় | ৩১ মে, ২০২১খ্রি: সোমবার, বিকাল ৩:৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | অনলাইন উপস্থিতি |

সভার শুরুতে মাননীয় প্রধান অতিথি ধর্মপ্রতিমন্ত্রী ও বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের চেয়ারম্যান জনাব মো: ফরিদুল হক খান এম.পি উদ্বোধনী ভাষণ প্রদান করেন। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সম্মানিত ট্রাস্টি মি: দয়াল কুমার বড়ুয়া।

প্রতিমন্ত্রী বলেন, লোভ, মোহ, হিংসা-দ্বেষ, লালসাকে অতিক্রম করে গৌতম বুদ্ধ সারা জীবন মানুষের কল্যাণে এবং শান্তি প্রতিষ্ঠায় অহিংসা, সাম্য, মৈত্রী ও করুণার বাণী প্রচার করেছেন। শান্তি ও সম্প্রীতির মাধ্যমে আদর্শ ও সুশীল সমাজ গঠন ছিল তাঁর পরম লক্ষ্য। বৌদ্ধ ধর্মের সুদীর্ঘ ইতিহাস অহিংসার ইতিহাস, সাম্য ও মৈত্রীর ইতিহাস। সব ধর্মের প্রতি শ্রদ্ধা ও সহনশীলতা এই ধর্মের একটি আবশ্যকীয় দিক। তিনি বলেছেন- শান্তি বাইরে থেকে আসেনা, শান্তি আসে মানুষের মন থেকে।

তিনি বলেন, বাংলাদেশের অন্যান্য সম্প্রদায়ের ন্যায় বৌদ্ধ সম্প্রদায়ের কল্যাণেও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সময়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্প গৃহীত ও বাস্তবায়িত হচ্ছে। ২০১৫ সাল হতে "প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রকল্প" এর আওতায় ২০১৭ সাল পর্যন্ত মোট ১০০টি শিক্ষা কেন্দ্রে ৬,০০০ বৌদ্ধ শিশুকে শিক্ষা প্রদান করা হয়েছে। বর্তমানে 'প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথিমিক ও ধর্মীয় শিক্ষা প্রকল্প''২য় পর্যায়ে ১২টি জেলার ৬২টি উপজেলায় ৩০০টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে ২০,০০০ (বিশ হাজার) বৌদ্ধ শিশুকে প্রাক-প্রাথমিক ও ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা প্রদান করা হচ্ছে। ৩০০জন বৌদ্ধ ধর্মাবলম্বী মহিলা ও পুরুষের কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের আমানত তহবিলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার অতিরিক্ত ৪ (চার) কোটি টাকা বরাদ্দ প্রদানের ফলে বর্তমান ট্রাস্ট তহবিলের পরিমান ৭ (সাত) কোটি টাকায় উন্নীত হয়েছে।

প্রতিমন্ত্রী আরো বলেন,বাংলাদেশের অর্থায়নে নেপালের লুম্বিনীতে একটি বৌদ্ধবিহার নির্মাণের লক্ষ্যে ৬০ কোটি ৬৭ লক্ষ ৯৭ হাজার টাকার একটি ডিপিপি প্রস্তুত করা হয়েছে।নেপাল সরকার বিভিন্ন দেশের বৌদ্ধ ধর্মাবলম্বীদের উদ্দেশ্যে আশ্রম/প্যাভিলিয়ন নির্মাণের জন্য বাংলাদেশের অনুকূলে একটি প্লট বরাদ্দ প্রদান করেছে।

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ভাইস চেয়ারম্যান মি. সুপ্ত ভূষন বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত অনলাইন সভায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সিনিয়র ভাইস চেয়ারম্যান -১. মি. রমেশ চন্দ্র সেন এম.পি, সিনিয়র ভাইস চেয়ারম্যান-২ মিসেস আরমা দত্ত এম.পি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. নূরুল ইসলাম পিএইচডি, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ও বাংলাদেশ আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ব্যারিষ্টার বিপ্লব বড়ুয়া বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

সভায় অন্যান্যদের মধ্যে- শ্রীমৎ প্রজ্ঞানন্দ মহাথের, অধ্যক্ষ, শাক্যমুনি বৌদ্ধ বিহার, মিরপুর, ঢাকা, শ্রীমৎ বোধিমিত্র মহাথর, মহাসচিব, বাংলাদেশ বৌদ্ধ ভিক্ষু মহাসভা,ড. শ্রীমৎ সংঘপ্রিয় মহাথের, মহাসচিব, বাংলাদেশ সংঘরাজ ভিক্ষু মহাসভা, শ্রীমৎ আসিন জিন রক্ষিত মহাথের, পরিচালক, বোধিজ্ঞান ভাবনা কেন্দ্র, সাভার, ঢাকা, শ্রীমৎ এস. লোকজিৎ থের, অধ্যক্ষ, চান্দগাঁও সার্বজনীন শাক্যমুনি বুদ্ধ বিহার, শ্রীমৎ সুনন্দপ্রিয় ভিক্ষু, মহসচিব, বাংলাদেশ বুড্ডিস্ট ফেডারেশন, মি: পি.আর বড়ুয়া, সাবেক ডি.আই.জি, মহাসচিব, বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘ, ঢাকা,মি: দিব্যেন্দু বিকাশ চৌধুরী, সভাপতি, বাংলাদেশ বুড্ডিস্ট ফেডারেশন, ঢাকা, মি: অশোক বড়ুয়া, চেয়ারম্যান, আর.কে.কে বাংলাদেশ চেপ্টার, ঢাকা, মি: রাহুল বড়ুয়া, পানি সম্পদ বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ ,অধ্যাপক ড: বিমান বড়ুয়া, সাবেক চেয়ারম্যান, পালি ও বুড্ডিস্ট স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, মিসেস সুচরিতা বড়ুয়া, সিনিয়র, বাংলা ভিশন, ঢাকা, অধ্যাপিকা মিসেস অঞ্জলী বড়ুয়া, অধ্যাপক জগন্নাথ বড়ুয়া, মিসেস কেমী বড়ুয়া, ট্রাস্টি এড. দীপংকর বড়ুয়া পিন্টু, ট্রাস্টি মিসেস রূপনা চাকমা, ট্রাস্টি মি. ডালিম কুমার বড়ুয়া ও মিসেস ববিতা বড়ুয়া আলোচনায় অংশগ্রহণ করে নিজ নিজ মতামত ব্যক্ত করে ট্রাস্টের চলমান কার্যক্রমের প্রশংসা করেন।

অনলাইন আলোচনা সভায় বৌদ্ধদের ধর্মীয়গুরু ও বৌদ্ধ সমাজের এবং বৌদ্ধ সংগঠনের বিশিষ্ট নেতৃবর্গ উপস্থিত ছিলেন।

(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।